অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জোন্স বিচ স্টেট পার্কে এই সপ্তাহান্তে 90 তম বার্ষিকী উদযাপন পার্টির ঘোষণা দেন

রবিবার 4 আগস্ট, 2019 তারিখে 10 মার্কিন ডলারের পার্কিং ফি হ্রাস পেয়ে হয় আসল 1929 সালের সপ্তাহান্তের হার 50 সেন্ট

পার্ক উন্নতিতে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেখায়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন জোন্স বিচ স্টেট পার্ক তার 90 তম জন্মদিনটি জন্মদিনের কেক আর কাপকেক, একটি ধারাবাহিক পারফরম্যান্স এবং ঐতিহাসিক স্মৃতি-উৎসবের মাধ্যমে এই সাপ্তাহিক ছুটির দিনে উদযাপন করবে। রবিবার, আগস্ট 4, 2019 তারিখ, গভর্নর ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্টে পার্কের 90 তম বার্ষিকীর আনুষ্ঠানিক নিবেদনে প্রতি গাড়ির পার্কিং ফি বর্তমান ফি 10 মার্কিন ডলার থেকে কমিয়ে 50 সেন্ট করবেন।

"জোন্স বিচ স্টেট পার্ক ভবিষ্যতের জন্য প্রস্তুত এবং আগের চেয়ে ভাল দেখাচ্ছে", **গভর্নর কুওমো বলেন**। "এটি কেবল একটি পার্ক নয় - এটি একটি সর্বজনীন স্মৃতিস্তম্ভ যা মানুষের জীবনকে পরিবর্তিত করবে এবং আমি নিউ ইয়র্কবাসী এবং পর্যটকদের উৎসাহিত করি যেন পরিকল্পিত কিছুটা রোমাঞ্চকর কার্যক্রম এবং ইভেন্টগুলিতে অংশ নিয়ে এই সপ্তাহান্তে তার জন্মদিন উদযাপনে সহায়তা করে।"

"আমাদের স্টেটের পার্কগুলি নিউ ইয়র্কের অভিজ্ঞতার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা প্রতিটি অঞ্চলে অবিশ্বাস্য বিনোদনমূলক সুযোগ প্রদান করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "জোন্স বিচে 90 তম গ্রীষ্মকালীন ঋতু যখন আমরা উদযাপন করি, আমরা আমাদের পার্ক সিস্টেমের রত্নগুলির মধ্যে একটিতে আনন্দ এবং উত্তেজনা বাড়িয়ে তুলতে যে সমস্ত উন্নতি করা হয়েছে তা প্রদর্শন করতে আমরা উন্মুখ হয়ে থাকি।"

স্টেট পার্কস (State Parks) কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমাদের পার্ক সিস্টেমের এই মুকুট 90 এ ঝিলিমিলি আলো ছড়াচ্ছে। লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী এই সমুদ্রতীরের পার্কটি উপভোগ করেছে, এটি 1929 সালের একদম এই সপ্তাহান্তে খোলা হয়েছিল এবং গভর্নর কুওমোকে এটির নবায়নের প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ, আরো অনেক লক্ষ মানুষ আগামী দশকগুলোতে এটি উপভোগ করে যাবে।"

সেনেটর জন ব্রুকস বলেন, "জোন্স বিচ সবসময়ই লং আইল্যান্ডের রত্ন। কয়েক দশক ধরে সমস্ত জায়গা থেকে মানুষ মহাসাগর উপভোগ করতে এবং মাইলের পর মাইল বোর্ডওয়াকের বৈশিষ্ট্যগুলি উপভোগ করতে এসেছেন। এই সপ্তাহান্তে গ্রীষ্মকালে মজা আর শিথিলায়নের জন্য প্রিমিয়ার ফ্যামিলি গন্তব্য হিসেবে আমরা শুধু এর 90 বছর পূর্তি উদযাপন করছি না, যে বিপুল উন্নতি ঘটছে তা আগামী 90 বছর আরো বেশি ভালো অবস্থা নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলিম্যান ডেভিড জি. ম্যাকডোনাফ বলেন, "জোন্স বিচ স্টেট পার্ক তৈরির 90 বছর পূর্তি উদযাপনের জন্য আমি কমিশনার এরিক কুলেসেইডের সাথে যোগ দিতে পেরে আনন্দিত যেটি মূলত নিউ ইয়র্ক স্টেটের সকল বাসিন্দার উপভোগ বাড়ানোর জন্য রবার্ট মোজেস প্রস্তুত করেছিলেন। জোন্স বিচ স্টেট পার্ক নিউ ইয়র্ক স্টেট পার্ক সিস্টেমের মুকুট রত্ন এবং আমি 100 তম বার্ষিকী উদযাপনের অপেক্ষায় থাকলাম।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "আমি গর্বিত যে নাসাউ কাউন্টি এমন এক বিস্ময়কর সমুদ্র সৈকতের কেন্দ্রস্থল যেটি অগণিত অধিবাসী এবং পর্যটকদের আকৃষ্ট করে এবং আমি এই আইকনিক সৈকতটিকে আরো ভাল করার জন্য ভবিষ্যতের উন্নতির দিকে এগিয়ে যেতে চাই।"

আটলান্টিক মহাসাগরের ছয় মাইলের বেশি বালির সমুদ্রসৈকত নিয়ে একটি অন্তরায় দ্বীপে অবস্থিত 2,413 একর আয়তনের এই পার্কে বর্ষবরণ সপ্তাহান্তে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবার্ট মোজেসের ডিজাইন করা এই পার্কটি 2005 সাল থেকে ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধটিতে রয়েছে এবং বছরে ছয় মিলিয়নের বেশি দর্শনার্থীদের আকৃষ্ট করে।

অনুষ্ঠানের মধ্যে রয়েছে ওয়েস্ট বাথহাউসে একটি খাদ্য ট্রাক গ্রাম যা কাজিন্স মেইন লবস্টার অল স্টার স্পেশালিটিস (Cousin's Maine Lobster All Star Specialties), নেপোলিতান পিৎজা এক্সপ্রেস (Neapolitan Pizza Express), সিম্পলি গ্রিক (Simply Greek), বেলস বারবিকিউ (Bells BBQ) এবং অন্যান্যগুলোকে তুলে ধরে, যা উভয় দিন দুপুর থেকে রাত 8 টা পর্যন্ত পাওয়া যাবে।

উভয় দিন বিকেল 4 টা থেকে রাত 8 টা পর্যন্ত ওয়েস্ট বাথহাউস গ্রাস প্যানেলে (West Bathhouse Grass Panel) শিশুদের জন্য বায়ুপূর্ণ ইনফ্ল্যাটেবল পাওয়া যাবে, পিরিয়ড পোষাক পরে অভিনেতারা বোর্ডওয়াক পায়চারি করবে; ওয়েস্ট বাথহাউসে লন গেমস অনুষ্ঠিত হবে; এবং সেলফি স্টেশনগুলো অতীতের চিত্তাকর্ষক জোন্স বিচ পার্ক স্টাফ ইউনিফর্মের ছবি কাট-আউট সমন্বিত করা হবে।

এছাড়াও নির্ধারিত আছে ওয়েস্ট বাথহাউসে একটি ম্যাজিক শো সন্ধ্যা 6 টা থেকে 6:45 টা পর্যন্ত হবে, সন্ধ্যা 6:30 টা থেকে 7:30 টা পর্যন্ত বোর্ডওয়াক-এর উপর একটি পায়চারিরত বাজিকর থাকবে এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধাঁচের গানের দল আমেরিকান বোম্বশেলস (American

Bombshells) সন্ধ্যা 7 টা থেকে রাত 8:30 টা পর্যন্ত ওয়েস্ট গ্রাস প্যানেলে শোমোবাইলে পারফর্ম করবে।

4 আগস্ট, স্বাভাবিক 10 মার্কিন ডলারের পার্কিং চার্জ 50 সেন্টে নামিয়ে আনা হবে, যা মূলত যে বছর জোন্স বিচ খোলা হয়েছিল সে বছরের সপ্তাহান্তের ফি ছিল। সেদিন সেন্ট্রাল মলে সকাল 11 টা থেকে শুরু করে 400 পাউন্ড ওজনের জন্মদিনের কেক কাটা ও টুকরো করে বিতরণ করা হবে। এরপর পার্কের সর্বত্র 9,990 টি কাপকেক বিনামূল্যে বিতরণ করা হবে।

পার্টিটি সমাপ্ত করার জন্য, পার্কের বিভিন্ন ধাপের ইতিহাস তুলে ধরে বোর্ডওয়াক ক্যাফের (Boardwalk Café) সামনে সেন্ট্রাল মলের মধ্যে বোর্ডওয়াক রেলে প্যানেলগুলি উন্মোচন করা হবে।

2011 সাল থেকে গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 পরিকল্পনার (Governor's NY Parks 2020 Plan) অধীনে জোন্স বিচ স্টেট পার্কের ঐতিহাসিক রাজকীয়তা পুনরুদ্ধার করা, ক্ষতিগ্রস্ত সুপারস্টর্ম স্যান্ডির (Superstorm Sandy) মেরামত করা, নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং বহুবর্ষব্যাপী পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনার অংশ হিসেবে নতুন বিনোদনমূলক ফেসিলিটি তৈরি করার জন্য স্টেট পার্ক 100 মার্কিন ডলারের অধিক মূল্যের বিভিন্ন প্রকল্প শুরু এবং সমাপ্ত করেছে।

সম্পূর্ণ হওয়া প্রকল্পগুলোর মধ্যে আছে ওয়েস্ট বাথহাউস কমপ্লেক্স (West Bathhouse Complex) এবং ফিল্ড 6 এর পুনর্বাসন, ঐতিহাসিক সেন্ট্রাল মল মোজাইক (Central Mall mosaics) পুনরুদ্ধার, ওয়েস্ট গেমস এরিয়া (West Games Area) এবং জাক'স বে (Zach's Bay)-তে নতুন খেলার মাঠ, নতুন গেটওয়ে সংকেত, নতুন বোর্ডওয়াক ক্যাফে রেস্টুরেন্ট (Boardwalk Café restaurant) এবং জিপ লাইন বিশিষ্ট একটি নতুন ওয়াইল্ডপ্লে অ্যাডভেঞ্চার পার্ক (WildPlay Adventure park) সম্পন্নকরণ অন্তর্ভুক্ত। এ বছরের শুরুতে জোন্স বিচের শেয়ার করা ব্যবহারের পথ খোলা হয়েছে, যা একটি নতুন 4.5 মাইলের অবসরে হাঁটার পথ সরবরাহ করে যা পদচারী, স্কেটার, দৌড়বিদ এবং সাইক্লিস্টদের অত্যাশ্চর্য সমুদ্রপার্শ্বের দৃশ্য প্রদান করে।

জোন্স বিচ-এ আরও উন্নতি আসছে। এই গ্রীষ্মের শেষে, ইস্ট গেমস এলাকায় নতুন বাস্কেটবল কোর্ট খোলা হবে। 1.3 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পে একটি পূর্ণ বাস্কেটবল কোর্ট এবং পাঁচটি অর্ধ বাস্কেটবল কোর্টের পাশাপাশি নতুন আলো, বেড়া, বেঞ্চ এবং পানীয় ঝরনা স্থাপন করা হবে।

এই বছর জোন্স বিচে কিছু অতিরিক্ত উন্নয়নের কাজ করা হবে যা 2020 সালের মধ্যে শেষ করা হবে, যার মধ্যে রয়েছে:

- 4.2 মিলিয়ন মার্কিন ডলারের ওয়েস্ট গেমস এরিয়ার সংস্কার, যাতে রয়েছে একটি নতুন মিনি-গল্ফ কোর্স, পুনর্নির্মিত ও নতুন কোর্ট গেমস যেমন পিকলবল এবং শাফলবোর্ড, নতুন বেঞ্চ, টেবিল, বেড়া এবং আলো এবং সাইটের অতিরিক্ত উন্নতিসাধন।
- 2.4 মিলিয়ন মার্কিন ডলার ল্যান্ডস্কেপ এবং হর্টিকালচারের উন্নয়ন ওয়েস্ট বাথহাউস, সেন্ট্রাল মল এবং ইস্ট গেমসে, লন এলাকা এবং চারা রোপণ এলাকার নবায়ন, নতুন উদ্ভিদ,

শোভাময় ঘাস এবং মৌসুমি গাছপালা রোপণ এবং নতুন সেচ এবং বৈদ্যুতিক সিস্টেম ইনস্টল করা।
- 1.2 মিলিয়ন মার্কিন ডলারের সেন্ট্রাল মলের সংস্কার, যার মধ্যে রয়েছে নতুন কার্ব, ব্লুস্টোন এবং কংক্রিট পেভমেন্ট, পুনর্নির্মিত প্রবেশের র‍্যাম্প, এবং নতুন এবং পুনর্বাসিত ইউটিলিটিসমূহ।

স্টেট পার্কস প্রায় 250 টির বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চের স্থান এবং আরো অনেক কিছুর দেখভাল করে থাকে যেগুলোতে গত বছর রেকর্ডসংখ্যক 74 মিলিয়ন মানুষ ভ্রমণ করেছেন। এই বিনোদন এলাকাগুলোর যেকোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram এবং Twitter এ।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন